69

দৈনিক সংবাদ

তারিখ ... 17 JUN 1997 ...
পৃষ্ঠা 2 কলাম ১ ......

# এইচএসসিঃ কৃষি বিষয়ের উত্তরপত্র বর্জনের সিদ্ধান্ত

বাংলাদেশ কলেজ কৃষি শিক্ষক সমিতি ঢাকা বোর্ডের এইচএসসি পরীক্ষার কৃষি বিষয়ের উত্তরপত্র বর্জনের সিদ্ধান্ত নিয়েছে। পরীক্ষক নিয়োগে দুর্নীতি ও অনিয়মের প্রতিবাদে এ সিদ্ধান্ত নেয়া হয়েছে।

গতকাল সোমবার সমিতির সভাপতি শওকত মোমেন শাহজাহান ও সাধারণ সম্পাদক মোঃ শাহাদাত উল্লা এক বিবৃতিতে জানান, গত কয়েক বছরের মত এবারও উৎকোচের বিনিময়ে কৃষি বিষয়ের শিক্ষক নন এমন শিক্ষকদেরকে কৃষি বিষয়ের উত্তরপত্রের পরীক্ষক নিয়োগ করা হয়েছে। এ ঘটনায় ঢাকা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রকসহ অন্যান্য কর্মকর্তার সঙ্গে আলোচনা করেও কোন ফল পাওয়া যায়নি।